বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

সার্কুলার নং-০৪/২০২৩ জে,

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: জেলা জজ সমপর্যায়ের সকল আদালত/ট্রাইব্যুনালের মামলা সংশ্লিষ্ট কাগজাদির সহিমোহর নকল সরবরাহকরণ সংক্রান্তে নির্দেশনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯ এর ভলিউম-১ এর বিধি ২২৫ (১)-এ উল্লেখ আছে যে :

Rule 225(1): "In the district headquarters, there shall be a separate Copying Department for Sessions Courts, Judicial Magistrate Courts and Metropolitan Magistrates Courts each."

২। উক্ত বিধি অনুযায়ী দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে পৃথক পৃথক নকলখানা থাকার বিধান থাকলেও বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসহ অন্যান্য ট্রাইব্যুনালে পৃথক নকলখানা থাকার বিষয়ে উল্লেখ নেই। এছাড়া, ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯ এর বিধি ২২৫ হতে ৩০১ অনুযায়ী নকলখানা আইনানুগভাবে পরিচালনার জন্য উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা ও কর্মচারীর আবশ্যকতা রয়েছে। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসহ অন্যান্য ট্রাইব্যুনালে অনুরূপ সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী কর্মরত নেই।

৩। তদ্প্রেক্ষিতে, উক্ত আদালত/ট্রাইব্যুনালসমূহে নকল সরবরাহের কাজটি জেলা ও দায়রা জজ এবং মহানগর দায়রা জজ আদালতের মাধ্যমে সম্পন্ন করা হয়। এ বিষয়ে উল্লেখ্য যে, জেলা জজ ও মহানগর দায়রা জজ আদালতে সরবরাহকৃত নকলে প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer), প্রধান তুলনা সহকারী, তুলনা সহকারী ও অনুলিপিকারক স্বাক্ষর করে থাকেন। একটি সহিমোহর নকলের কাজ সম্পন্ন করতে অনুলিপিকারক, তুলনা সহকারী ও প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer) হিসেবে অন্তত ০৩ জন কর্মকর্তা/ কর্মচারীর স্বাক্ষর আবশ্যক।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, যে সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯ অনুযায়ী পৃথক নকলখানা থাকার বিধান উল্লেখ নেই সে সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে মামলা সংশ্লিষ্ট মূল্যবান কাগজাদির নিরাপত্তাসহ বিচারপ্রার্থী জনগণের দ্রুত নকল প্রাপ্তির সুবিধার্থে এবং মামলা শুনানী ও নিষ্পত্তিতে যাতে কোনরূপ বিঘ্ন না ঘটে তা নিশ্চিত করার লক্ষ্যে **ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯ এর নকলখানা সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি সংশোধন করার জন্য বিষয়টি The Supreme Court of Bangladesh (High Court Division Rules), 1973 অনুযায়ী গঠিত Rule Committee বরাবর প্রেরণ করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সদয় নির্দেশ প্রদান করেছেন। উক্ত সংশোধনের পূর্ব পর্যন্ত উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে অন্তর্বর্তীকালিন ব্যবস্থা হিসেবে মহোদয় কর্তৃক নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছে:**

(ক) প্রশাসনিক কর্মকর্তা-এর অনুমোদিত পদ রয়েছে এমন সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে উক্ত প্রশাসনিক কর্মকর্তা সহিমোহর নকলের কাজে প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer), স্টেনোগ্রাফার/স্টেনোটাইপিস্ট অনুলিপিকারক এবং বেঞ্চ সহকারী/ সমপর্যায়ের কর্মচারী তুলনা সহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) প্রশাসনিক কর্মকর্তা-এর অনুমোদিত পদ নেই এমন সকল জেলা জজ সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনালে উক্ত আদালত/ট্রাইব্যুনালের বিচারক নিজেই প্রত্যয়নকারী কর্মকর্তা (Certifying Officer), স্টেনোগ্রাফার/স্টেনোটাইপিস্ট অনুলিপিকারক এবং বেঞ্চ সহকারী/ সমপর্যায়ের কর্মচারী তুলনা সহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসরণপূর্বক প্রতিপালনের জন্য জেলা জজ সমপর্যায়ের সকল আদালত/ট্রাইব্যুনালের বিচারক-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা:/-
(এসকে.এম.তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল:thrupok@gmail.com

স্মারক নং-১ই/৪ কল-৩১/২০১৭(অংশ-১)-৬১৩৯ জে, (২৭)

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, --------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------------- (সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,--------------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,-------------------------------- (সকল)।
৯। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------------------- (সকল)।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)।
১২। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, --------------------------------------------- (সকল)।
১৪। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত -----------------------------------------(সকল)।
১৫। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৬। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল----------------------------------------------(সকল)।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------(সকল)।
২৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------(সকল)।
২৪। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি-----------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

২৫। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল,..........................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
২৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৮। অফিস কপি।

Rrahaman
11.07.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ০২২২৩৩৮১৯৩২।